বাংলাদেশ ধানগবেষণাইনস্টিটিউট

Bangladesh Rice Research Institute, Gazipur-1701

Telephone: PABX: 880-2-9294117-21, 9264118, 9264127, 9264165, 9264154, 9264184
E-mail: brrihq@yahoo.com, dg@brri.gov.bd, Website:www.brri.gov.bd

পত্র নং-সি-৪১৩ (II)/৮৯ তারিখঃ ০৯-০৫-২০১৭

বিষয়ঃ ০৪/০৫/২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

তারিখ ও সময়	ঃ ০৪/০৫/২০১৭, সকাল-১১.৩০ ঘটিকা
স্থান	ঃ ব্রি সভাকক্ষ
সভাপতি	ঃ ড. মোঃ শাহজাহান কবীর, পরিচালক (প্রশাসন ও সা.প) ও চিফ ইনোভেশন অফিসার, ব্রি।
উপস্থিত কর্মকর্তাবৃন্দ	ঃ পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে ব্রির ইনোভেশন টিমের আহবায়ক ও চিফ ইনোভেশন অফিসার, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মোঃ শাহজাহান কবীর সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সকলকে ব্রি'র বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা ও ওয়েবসাইট হালনাগাদসহ বিভিন্ন বিষয়ে অবহিত করেন। এসময় ব্রি'র ওয়েবসাইট হালনাগাদসহ ব্রি'র চলমান ইনোভেশন তথা উদ্ভাবন সংক্রান্ত সকল কর্মকান্ডের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থিত ইনোভেশন টিমের সদস্যগণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের নিজ নিজ মতামতসমূহ পেশ করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<u>সিদ্ধান্ত ১:</u> ০২ (দুই) দিনব্যাপি 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক কর্মশালা থেকে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া/ধারণাগুলো সঙ্কলন ও সংরক্ষণ করতে হবে। প্রাপ্ত সকল আইডিয়া/ধারণাগুলো এটুআইয়ে প্রেরণ করতঃ 'ধান উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ কৃষকের দোরগোড়ায় নিয়ে যাওয়া' এবং 'ধান উৎপাদন বিষয়ক তথ্য ডিজিটাল ও মিথস্ক্রিয়াভিত্তিক করণ' আইডিয়া/ধারণা দুইটি পাইলটিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

<u>সিদ্ধান্ত ২:</u> মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ব্রিতে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক ০২ (দুই) দিনের দ্বিতীয় প্রশিক্ষণ কর্মশালা জুলাই/২০১৭ এর মধ্যে আয়োজন করতে হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তার জন্য কৃষি মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়স্থ এটুআই প্রোগ্রামের 'রিসোর্স পার্সনস' পুল এর সঙ্গে যোগাযোগের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

<u>সিদ্ধান্ত ৩:</u> "উদ্ভাবন বিষয়ক সফল কার্যক্রম চলমান" পার্শ্ববর্তী এমন দেশসমূহে উদ্ভাবন সংক্রান্ত অভিজ্ঞতা আদান-প্রদানের লক্ষ্যে ইনোভেশন টিমের সদস্যগণকে স্বল্প মেয়াদে প্রশিক্ষণের জন্য পার্শ্ববর্তী দেশসমূহে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

<u>সিদ্ধান্ত ৪:</u> মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক আয়োজিত সোস্যাল মিডিয়া সংলাপের সিদ্ধান্ত মোতাবেক প্রশিক্ষণ বিভাগের সহায়তায় আয়োজিত প্রশিক্ষণ কোর্সে ডিজিটাল বাংলাদেশ কনটেন্ট (জাতীয় তথ্য বাতায়ন, ই-ফাইলিং, ই-টেন্ডারিং, নাগরিক সেবায় উদ্ভাবন প্রভৃতি) অন্তর্ভুক্তকরণের মাধ্যমে নতুন কোর্স মডিউল প্রস্তুত করতঃ প্রশিক্ষণ বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে প্রশিক্ষণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

<u>সিদ্ধান্ত ৫:</u> বিআরকেবি ওয়েবসাইটের নতুন 'templeates and themes' develop করার সিদ্ধান্ত গৃহীত হয়। এর নিমিত্তে সিস্টেম এনালিস্ট জনাব এস. এম. মোস্তাফিজুর রহমান ক্রিয়েটিভ ডিজিটাল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আব্দুল মান্নান এর সহায়তায় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

সিদ্ধান্ত ৬: মাঠপর্যায়ে তথা ব্রি'র সকল আঞ্চলিক কার্যালয়ে ই-ফাইলিং (নথি) ব্যবস্থা চালু করতে হবে। এর নিমিত্তে মে/২০১৭ এর মধ্যে কৃষি পরিসংখ্যান বিভাগ অন্তত: দুটি আঞ্চলিক কার্যালয় বরিশাল ও রাজশাহীতে ই-ফাইল (নথি) সংক্রান্ত প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সিদ্ধান্ত ৭: ব্রির জনবল নিয়োগ প্রক্রিয়া টেলিটক মোবাইল কোম্পানীর মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে ব্রি ও টেলিটক মোবাইল কোম্পানি'র মধ্যে SLA (Service Level Agreement) সম্পন্ন করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়াটি যথাযথভাবে পরিচালনার লক্ষ্যে কারিগরি সহায়তার ক্ষেত্রে কৃষি পরিসংখ্যান বিভাগ ও প্রশাসন বিভাগের সমন্বয়ে এবং পরিচালক (প্রশাসন ও সা.প.) মহোদয়কে আহবায়ক করে একটি কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত ৮: ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে বিসিসি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনফো সরকার-৩ প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক এ সংক্রান্ত অগ্রগতি সাধনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

এছাড়া গত ১৯-২০ এপ্রিল' ২০১৭ তারিখে ০২ (দুই) দিনব্যাপি 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রথম কর্মশালা ও ২৩ এপ্রিল' ২০১৭ তারিখে অংশীজনের সাথে মতবিনময় কার্যক্রমের অংশ হিসেবে এমসিসি লিঃ এর সাথে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। উপরন্তু, আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে ব্রি ধান৭০ থেকে সর্বশেষ জাতসমূহের সুন্দর ছবি জনাব এস. এম. মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট-এর নিকট প্রদানের জন্য মোঃ মাসুদ রানা, ফটোগ্রাফার, পিপিআরডি, ব্রি'কে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী, পরিচালক (গবেষণা) এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
২। ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা, বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৩। ড. মোঃ আব্দুল লতিফ, বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৪। মোঃ আবুল কাসেম, প্রধান, পিপিআরডি, ব্রি। (ফটোগ্রাফারকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৫। জনাব আব্দুল মান্নান, ব্যবস্থাপনা পরিচালক, ক্রিয়েটিভ ডিজিটাল লিঃ, মিরপুর, ঢাকা।
৬। এস এম মোস্তাফিজুর রহমান, সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৭। মোঃ মাহফুজ বিন ওয়াহাব, প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, এবং সদস্য, ইনোভেশন টিম, ব্রি।
৮। মাসুম রানা, ফটোগ্রাফার, পিপিআরডি, ব্রি।
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ব্রি।
১০। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
১১। পরিচালক (গবেষণা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ব্রি।
১২। সংশ্লিষ্ট নথি।

১০/৫/১৭

(ড. মোঃ ইসমাইল হোসেন)
পিএসও এবং বিভাগীয় প্রধান
কৃষি পরিসংখ্যান বিভাগ
ব্রি-গাজীপুর।

কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট,গাজীপুর

Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, **Fax:** 880-2-49272000

E-mail: dg@brri.gov.bd; brrihq@yahoo.com, **Website:** www.brri.gov.bd

তারিখ ঃ ০৪/০৫/২০১৭

ব্রি'র ইনোভেশন কার্যক্রমের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় উপস্থিতির তালিকা ঃ

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
০১।	উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী পরিচালক (গবেষণা) মহোদয়ের দপ্তর, ব্রি	
০২।	ড. মোঃ ইসলাম উদ্দিন মোল্লা সিএসও এবং বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ বিভাগ	
০৩।	ড. মোঃ ইসমাইল হোসেন পিএসও এবং বিভাগীয় প্রধান	
০৪।	ড. মোঃ আব্দুল লতিফ পিএসও এবং বিভাগীয় প্রধান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ	
০৫।	এস এম মোস্তাফিজুর রহমান সিস্টেম এনালিস্ট, কৃষি পরিসংখ্যান বিভাগ	
০৬।	মোঃ মাহফুজ বিন ওয়াহাব প্রোগ্রামার, কৃষি পরিসংখ্যান বিভাগ, ব্রি	